ঈশ্বর এবং আপনার মধ্যে

একমাত্র সেতু

~ অনন্তকাল মৃত্যু থেকে অনন্তাল জীবনে ~

১ ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন।

আদিপুস্তক ২ঃ৭ পদ;

পরে সদাপ্রভু ঈশ্ব র মাটি দিয়ে একটি পুরুষ মানুষ তৈরী করলেন এবং তার নাকে ফুঁ দিয়ে তার ভিতরে জীবন-বায়ু ঢুকিয়ে দিলেন। তাতে সেই মানুষ একটি জীবন্ত প্রাণী হল।

ঈশ্বরের একটি আদেশ:

আদিপুস্তক ২ঃ১৬-১৭ পদ;

১৬ পরে সদাপ্রভু ঈশ্ব র তাঁকে আদেশ দিয়ে বললেন, “তুমি তোমার খুশীমত এই বাগানের যে কোন গাছের ফল খেতে পার;
১৭ কিন্তু ভাল-মন্দ-জ্ঞানের যে গাছটি রয়েছে তার ফল তুমি খাবে না, কারণ যেদিন তুমি তার ফল খাবে সেই দিন নিশ্চয়ই তোমার মৃত্যু হবে।”

ঈশ্বর মানুষকে রোবট বা যন্ত্রের মত সৃষ্টি করলেন না। তিনি মানুষের অন্তরে স্বাধীন ইচ্ছা দিলেন যেন মানুষ বেছে নিতে পারে। এই কারণে মানুষ, ঈশ্বর যিনি সব কিছু পরিপূর্ণভাবে দান করেন এবং যিনি সবকিছুর সৃষ্টিকর্তা তাঁর উপর আশা (১ম তীমথিয় ৬ঃ১৭ পদ) রাখতেও পারেন।

মানুষ নিজের ইচ্ছায় এই সব বেছে নিতে পারেন।

২ মানুষ পাপ করেছে।

শয়তান মানুষের অন্তরে সন্দেহ ঢুকিয়েছে।

আদি. ৩ঃ১ পদ; "ঈশ্বর কি সত্যি তোমাদের বলেছেন যে, বাগানের সব গাছের ফল তোমরা খেতে পারবে না?"

শয়তান কাজ করেছে যেন মানুষ ঈশ্বরকে বিশ্বাস করতে না পারে।

আদি. ৩ঃ৪ পদ; "কখনও না, কিছুতেই তোমরা মরবে না।"

শয়তান কাজ করেছে যেন মানুষ ঈশ্বরের বাক্যের বাধ্য না হয়।

আদি. ৩ঃ৬ পদ; স্ত্রীলোকটি যখন বুঝলেন যে, গাছটার ফলগুলো খেতে ভাল হবে এবং সেগুলো দেখতেও সুন্দর আর তা ছাড়া জ্ঞান লাভের জন্য কামনা করবার মতও বটে, তখন তিনি কয়েকটা ফল পেড়ে নিয়ে খেলেন।

প্রথম মানুষ আদম, ঈশ্বরের উপরে আশা রেখে ঈশ্বরের আদেশে
বাধ্য থাকার চেয়ে নিজের খুশীমত জীবন করা এবং নিজেকে
ঈশ্বরের মত করার কথা বেছে নিয়েছেন।

৩ পাপের ফল হল মৃত্যু।

রোমীয় ৬ঃ২৬ পদ; পাপ যে বেতন দেয় তা মৃত্যু

আত্মিক মৃত্যু মানুষকে ঈশ্বরের কাছ থেকে দূরে ঠেলে দেয়।

যিশাইয় ৫৯ঃ২ পদ; তোমাদের অন্যায় সদাপ্রভুর কাছ থেকে তোমাদের আলাদা করে দিয়েছে।

শারীরিক মৃত্যু মানুষের আত্মা ও দেহ আলাদা করে।

ইব্রীয় ৯ঃ২৭ পদ; প্রত্যেক মানুষ একবার মরবে এবং তার পরে তার বিচার হবে।

অনন্ত মৃত্যু মানুষের আত্মা ঈশ্বরের কাছ থেকে অনন্তকালের জন্য আলাদা করে দেয়।

২থিষলনীকীয় ১ঃ৯ পদ; তারা তাঁর উপস্থিতি এবং মহা শক্তির বাইরে পড়ে চিরদিন ধরে ধ্বংস হতে থাকবে।

মানুষের সমস্যা হল
পাপ
পাপের ক্ষমা
অনন্ত জীবন
অনন্ত মৃত্যু

৪ পাপের ক্ষমার ফল হল জীবন

রোমীয় ৬ঃ২৩ পদ; প্রভু খ্রীষ্ট যীশুর মধ্য দিয়ে অনন্ত জীবন।

আত্মিক জীবন হল ঈশ্বরের সাথে সহভাগীতা

১ম যোহন ১ঃ৭ পদ; কিন্তু ঈশ্ব র যেমন আলোতে আছেন আমরাও যদি তেমনি আলোতে চলি তবে আমাদের মধ্যে যোগাযোগ-সম্বন্ধ থাকে আর তাঁর পুত্র যীশুর রক্ত সমস্ত পাপ থেকে আমাদের শুচি করে।

শারিরীক জীবন নিক্ষুত দেহ নতুনভাবে দেওয়া হবে। (কখনও বিনষ্ট হবে না)।

১ম করিন্থীয় ১৫ঃ৫৪ পদ; যা নষ্ট হয় আর যা মরে যায়, সেগুলো যখন ঐভাবে বদলে যাবে তখন পবিত্র শাস্ত্রের এই কথা পূর্ণ হবে যে, মৃত্যু ধ্বংস হয়ে জয় এসেছে।

অনন্ত জীবন হল ঈশ্বরের সাথে অনন্তকালের যোগাযোগ

যোহন ৩ঃ১৬ পদ; ঈশ্ব র মানুষকে এত ভালবাসলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপরে বিশ্ব াস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।

মথি ১১ঃ২৮ -২৯পদ; “তোমরা যারা ক্লান্ত ও বোঝা বয়ে বেড়াচ্ছ, তোমরা সবাই আমার কাছে এস; আমি তোমাদের বিশ্রাম দেব।
আমার জোয়াল তোমাদের উপর তুলে নাও ও আমার কাছ থেকে শেখো, কারণ আমার স্বভাব নরম ও নম্র।



৫ পরিত্রাণ কাজের ফল নয়

কোন কাজের ফল নয়

তীত ৩ঃ৫ পদ; কোন সৎ কাজের জন্য তিনি আমাদের উদ্ধার করেন নি, তাঁর করুণার জন্যই তা করলেন।

ধর্ম দ্বারা পরিত্রাণ পাওয়া যায় না

মথি ৭ঃ২২-২৩ পদ; সেই দিন অনেকে আমাকে বলবে, 'প্রভু, প্রভু, তোমার নামে কি আমরা নবী হিসাবে কথা বলি নি? তোমার নামে কি মন্দ আত্মা ছাড়াই নি? তোমার নামে কি অনেক আশ্চর্য কাজ করি নি? '

তখন আমি সোজাসুজিই তাদের বলব, 'আমি তোমাদের চিনি না। দুষ্টের দল! আমার কাছ থেকে তোমরা দূর হও।'

টাকার বিনিময়ে পরিত্রাণ পাওয়া যায় না

প্রেরিত ৮ঃ২০ পদ; তোমার টাকা তোমার সংগেই ধ্বংস হোক, কারণ তুমি মনে করেছ ঈশ্ব রের দান টাকা দিয়ে কেনা যায়।

কাজ
ধর্ম
টাকা
পাপের ক্ষমা
অনন্ত জীবন
অনন্ত
মৃত্যু

৬ আপনার ও আমার বিনিময়ে যীশু খ্রীষ্ট

রোমীয় ৬ঃ২৩ পদ; আমাদের প্রভু খ্রীষ্ট যীশুর মধ্য দিয়ে অনন্ত জীবন।

২ করিন্থীয় ৫ঃ২১ পদ; যীশু খ্রীষ্টের মধ্যে কোন পাপ ছিল না; কিন্তু ঈশ্বর আমাদের পাপ তাঁর উপর তুলে দিয়ে তাঁকেই পাপের জায়গায় দাঁড় করালেন, যেন খ্রীষ্টের সংগে যুক্ত থাকবার দরুন ঈশ্বরের পবিত্রতা আমাদের পবিত্রতা হয়।

রোমীয় ৫ঃ৮ পদ; কিন্তু ঈশ্বর যে আমাদের ভালবাসেন তার প্রমাণ এই যে, আমরা পাপী থাকতেই খ্রীষ্ট আমাদের জন্য প্রাণ দিয়েছিলেন।

১ পিতর ৩ঃ১৮ পদ; খ্রীষ্টও পাপের জন্য একবারই মরেছিলেন। ঈশ্বরের কাছে আমাদের নিয়ে যাবার জন্য সেই নির্দোষ লোকটি পাপীদের জন্য, অর্থাৎ আমাদের জন্য মরেছিলেন।

অনন্ত জীবন
পাপের জীবন
পাপের শাস্তি
যীশু খ্রীষ্ট
পাপের ক্ষমা
অনন্ত মৃত্যু

৭ ঈশ্বর এবং আমাদের সাথে যুক্ত

যোহন ১৪ঃ৬ পদ; আমিই পথ, সত্য আর জীবন। আমার মধ্য দিয়ে না গেলে কেউই পিতার কাছে যেতে পারে না।

পাপ স্বীকার করা

হিতোপদেশ ২৮ঃ১৩ পদ; যে লোক নিজের পাপ গোপন করে তার উন্নতি হয় না, কিন্তু যে তা স্বীকার করে ত্যাগ করে সে করুণা পায়।

পাপের জন্য অনুতাপ

প্রেরিত ৩ঃ১৯ পদ; এইজন্য আপনারা পাপ থেকে মন ফিরিয়ে ঈশ্ব রের দিকে ফিরুন যেন আপনাদের পাপ মুছে ফেলা হয়;

খ্রীষ্টের উপর নির্ভর করা

রোমীয় ১০ঃ৯ পদ; যদি তুমি যীশুকে প্রভু বলে মুখে স্বীকার কর এবং অন্তরে বিশ্ব াস কর যে, ঈশ্ব র তাঁকে মৃত্যু থেকে জীবিত করে তুলেছেন তবেই তুমি পাপ থেকে উদ্ধার পাবে;

যিশাইয় ৫৫ঃ৭ পদ; দুষ্ট লোক তার পথ ত্যাগ করুক আর মন্দ লোক তার সব চিন্তা ত্যাগ করুক। সে সদাপ্রভুর দিকে ফিরুক, তাতে তিনি তার উপর মমতা করবেন।

আজ, আপনি যীশুকে ত্রাণকর্তা হিসাবে বিশ্বাস করুন।

রোমীয় ১০ঃ১৩ পদ; "উদ্ধার পাবার জন্য যে কেউ প্রভুকে ডাকে সে উদ্ধার পাবে।"

➤ **আমরা পাপী, ঈশ্বরের শাস্তি পাবার যোগ্য।**

প্রকাশিত বাক্য ২০ঃ১৫ পদ; যাদের নাম সেই জীবন-বইতে পাওয়া গেল না, তাদেরও আগুনের হ্রদে ফেলে দেওয়া হল।

➤ **যীশু খ্রীষ্ট যিনি আমাদের বিনিময়ে পাপের শাস্তি গ্রহণ করেছিলেন তাঁকে বিশ্বাস করুন।**

তীত ২ঃ১৪ পদ; যীশু খ্রীষ্ট আমাদের জন্য নিজের জীবন দিয়েছিলেন, যেন সমস্ত পাপ থেকে আমাদের মুক্ত করতে পারেন এবং তাতে এমন একদল লোককে শুচি করতে পারেন যারা কেবল তাঁরই হবে এবং যারা অন্যদের উপকার করতে আগ্রহী হবে।

➤ **একমাত্র যীশু খ্রীষ্টের উপর নির্ভর করুন।**

প্রেরিত ১৬ঃ৩১ পদ; তাঁরা বললেন, "আপনি ও আপনার পরিবার প্রভু যীশুর উপর বিশ্বাস করুন, তাহলে পাপ থেকে উদ্ধার পাবেন।"